

রাবার কাঠ শক্ত টেকসই
ও উন্নতমানের। আপনিও
রাবার কাঠ ব্যবহার
করুন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
রাবার বিভাগ

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ।

www.bfidc.gov.bd

নম্বর ২২.০৩.০০০০.১১১.৩১.০০১.২২.৭৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯
০১ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিএফআইডিসি চট্টগ্রাম জোনের দাঁতমারা রাবার বাগানের ৭০ মে. টন, ডাবুয়া রাবার বাগানের ১৫ মে. টন এবং কাঞ্চননগর রাবার বাগানের ৩০ মে. টনসহ মোট ১১৫(একশত পনেরো) মে. টন মজুদকৃত মাডলাম্প বিক্রয়ের নিমিত্ত আবেদন আহ্বান।

এতদ্বারা, সম্মানিত রাবার ক্রেতা প্রতিষ্ঠান/ প্রস্তুতকারী/ দরদাতা প্রতিষ্ঠান/ রপ্তানী প্রতিনিধিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিএফআইডিসি চট্টগ্রাম জোনের দাঁতমারা রাবার বাগানে ৭০ মে. টন, ডাবুয়া রাবার বাগানের ১৫ মে. টন এবং কাঞ্চননগর রাবার বাগানে ৩০ মে. টনসহ মোট ১১৫(একশত পনেরো) মে. টন নতুন উৎপাদিত মাডলাম্প মজুদ রয়েছে। বর্ণিত পরিমাণ মাডলাম্প বিক্রয়ের নিমিত্ত আগামী ০৭ মার্চ ২০২৩ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত আগ্রহী ক্রেতা প্রতিষ্ঠানসমূহের নিজস্ব প্যাডে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর মুখবন্ধ খামে (১) পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা অথবা (২) বিএফআইডিসি, ক্যাভিনেট ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট (সিএমপি), মিরপুর-২, ঢাকা এ রক্ষিত বাস্তব দাখিল করতে হবে। একই দিন বেলা ২.৩০ ঘটিকায় আহ্বায়ক, রাবারের দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতিত্বে আবেদনসমূহ খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবেনা। প্রস্তাবিত দরের সাথে সরকার নির্ধারিত হারে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে। ক্রেতা প্রতিষ্ঠানকে নিজস্ব পরিবহণ ও ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট বাগান/ বাগানসমূহ হতে মাডলাম্প সরবরাহ নিতে হবে।

আবেদনে প্রস্তাবিত দর মূল্যায়ন ও বিশ্লেষণ শেষে ক্রেতা প্রতিষ্ঠানকে যথাসময়ে অবহিত করা হবে।

২-৩-২০২৩

মোহাম্মদ আব্দুল বাকি

উপব্যবস্থাপক

ইমেইল:

gmrubber@bfdc.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমে নয়):

১) পরিচালক(পরি. ও উন্ন.), বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, সদর দপ্তর, ঢাকা।

২) মহাব্যবস্থাপক (পরি. ও উন্ন.), বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, সদর দপ্তর, ঢাকা।

- ৩) মহাব্যবস্থাপক (রাবার), বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, সদর দপ্তর, ঢাকা।
- ৪) ব্যবস্থাপক, বিএফআইডিসি, সিএমপি, মিরপুর, সেকশন-২, ঢাকা (০৭ মার্চ ২০২৩ তারিখ, সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত রাবার ফ্রেতা প্রতিষ্ঠানের আবেদন গ্রহণ ও বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫) একান্ত সচিব এর মাধ্যমে চেয়ারম্যান মহোদয়, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, সদর দপ্তর, ঢাকা, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) নিম্ন বিভাগীয় সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, আইসিটি শাখা, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, সদর দপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৭) ফ্রেতা- প্রতিষ্ঠান(সকল), -----।